13 FEB 2017

# নানা সমস্যায় জর্জরিত যোগীরকোফা সর. স্কুল

প্রতিনিধি, মির্জাপুর (টাঙ্গাইল)

নানা সমস্যায় জর্জরিত টাঙ্গাইলের মির্জাপুর উপজেলার যোগীরকোফা সরকারি
প্রাথমিক বিদ্যালয়। বিদ্যালয়টিতে বিদ্যুৎ নেই। শ্রেণীকক্ষ সংকট, টিনের চাল
ছিদ্র ও জরাজীর্ণ ভবনে পাঠদান করা হচ্ছে বলে জানা গেছে।
গতকাল রোববার সরেজমিনে জানা গেছে, প্রায় ৩০ বছর আগে বিদ্যালয়ে টিন
শেড ভবন নির্মিত হয়। যেখানে ছোট-বড় চারটি কক্ষ রয়েছে। এর মধ্যে
পাঠদানের জন্য দুটি কক্ষ রয়েছে। একটি কক্ষ ক্লাস্টারের প্রশিক্ষণ কেন্দ্র।
আর ছোট একটি কক্ষে প্রধান শিক্ষকসহ চার শিক্ষক অফিস কক্ষ হিসেবে
ব্যবহৃত হয়। ভবনটির টিনের চাল ছিদ্র। পানি পড়াতে চালের সিলিংয়ের
চাটাই নষ্ট হয়ে খসে পড়ছে। শ্রেণীকার্যে ব্যবহৃত দুই কক্ষে রাখা হয়েছে বসার
জন্য পুরাতন টিন, বেঞ্চ আর ইট। এ অবস্থায় দুই শিফটে শিশু থেকে পঞ্চম
শ্রেণীর ১১৭ জন শিক্ষার্থী ঝুঁকি নিয়ে বিদ্যালয়টিতে পড়াশুনা করছে।
বিদ্যালয়ের পঞ্চম শ্রেণীর শিক্ষক্ষার্থী অধরা আক্তার বলে, 'টিনের চাল ছিদ্র
হওয়াতে বসার সিট (বেঞ্চ) ভিজা যায়, বসতে পারিনা। তখন অন্য যে সিটে
পানি পরেনা সেই সিটে যায়।'
প্রধান শিক্ষক লতিকা রানী পাল জানান, জরাজীর্ণ ভবনটির টিনের চাল ছিদ্র
হওয়াতে শ্রেণী কক্ষে পানি পড়ে। সামনে ঝড় বৃষ্টির সময় ঝুঁকিপূর্ণ ভবনে ক্লাস
করা খুবই কষ্টকর হয়ে পড়বে। বিদ্যুতের জন্য মির্জাপুর পল্লী বিদ্যুৎ কার্যালয়ে
আবেদন করে লাভ হচ্ছে না। ইট ও বেঞ্চ হারাতে পারে, একারণে শ্রেণী কক্ষে
রাখা হয়েছে।
মির্জাপুর উপজেলা সহকারী শিক্ষা কর্মকর্তা মো. লুৎফর রহমান জানান,
বিদ্যালয়টিতে দুই কক্ষ বিশিষ্ট পাকা ভবন নির্মাণের জন্য দরপত্র পক্রিয়া শেষ
হয়েছে। শিগগিরই এর কাজ শুরু হবে।